দৈনিক জনকণ্ঠ

তারিখ SEP. 09 19[illegible]
পৃষ্ঠা 2 কলাম 6

# সরকার সাক্ষরতা পরবর্তী কর্মসংস্থান প্রকল্প জোরদার করেছে ॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস এবং বয়স্ক শিক্ষা সপ্তাহের সমাপনী দিনে বুধবার রাজধানীতে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানমালার মধ্য ছিল আলোচনাসভা ও বর্ণাঢ্য র‍্যালি।

ওসমানী মিলনায়তনে এ উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, দেশের সাক্ষরতার হার বৃদ্ধি পাওয়ায় সরকার সাক্ষরতা পরবর্তী কর্মসংস্থান প্রকল্প জোরদার করেছে। এখন দেশে ৫৮ ভাগ মানুষ সাক্ষর জ্ঞানসম্পন্ন। এটি বর্তমান সরকারের একটি বিরাট সাফল্য। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায়, সচিব ডঃ সা'দত হুসাইন, ইউনেস্কোর কান্ট্রি ডিরেক্টর আনসার আলী খান এবং উপানুষ্ঠানিক অধিদফতরের মহাপরিচালক খন্দকার শহীদুল ইসলাম এতে বক্তৃতা করেন।

এর আগে সকালে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বের হয়ে ওসমানী মিলনায়তনে গিয়ে শেষ হয়। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় র‍্যালিতে নেতৃত্ব দেন।